



# তুঁতগাছের ক্ষতিকারক বর্গীপতঙ্গ শ্বেব; তাদের প্রতিষেধ



ডঃ গঙ্গেশ বাহাদুর সিংহ, ডঃ কনিকা ত্রিবেদী, শ্রী সব্যসাচী গঙ্গোপাধ্যায়

## কেন্দ্রীয় রেশম পর্ষদ

অনুসন্ধান বিস্তার কেন্দ্র

বস্ত্র মন্ত্রালয়, ভারত সরকার

ইন্দ্রনগর, আগরতলা, পিন-৭৯৯০০৬, ত্রিপুরা।

# তুঁতগাছের ক্ষতিকারক কীটপতঙ্গ এবং তাদের প্রতিকার

## তুঁত গাছের ক্ষতিকারক কীটপতঙ্গ এবং প্রতিকার :

অনেক প্রকার কীটপতঙ্গ আছে যা তুঁতগাছের জন্য অত্যন্ত ক্ষতিকারক। কি পরিমান, কত পরিমান ক্ষতি হয় তা নির্ভর করে কীট পতঙ্গের প্রকার ভেদে।

কিছু কিছু ক্ষেত্রে রোগের প্রাদুর্ভাব বছরে একবার আবার কোন কোন ক্ষেত্রে কয়েক পুরুষ ধরে হয়ে থাকে। এর মধ্যে কিছু কিছু কীটপতঙ্গ পাতা খায় এবং তুঁতগাছের বৃদ্ধি রোধ করে, অথবা গাছের ডগায় পরজীবি অবস্থায় থাকে। পরবর্তী সময়ে গাছের ডগাগুলি দুর্বল হয়ে পড়ে এবং পাতার বৃদ্ধি প্রচণ্ড ভাবে কমে যায়। যা ১১-৯৫% পর্যন্ত হতে পারে এখানে ক্ষতিকারক কতগুলি কীটপতঙ্গের বর্ণনা দেওয়া হল।

Mealy bug (*Maconellicoccus hirsutus*) - মিলিবাগ আক্রমণের সময় সাধারণতঃ এপ্রিল ও জুন মাসে হয়।



টুকরায় আক্রান্ত তুঁত গাছ

## ক্ষতির প্রকৃতি :

মিলিবাগ পোকা গাছের ডগার অংশের রস খেয়ে নেয় এবং গাছের উপরের অংশের বৃদ্ধি রোধ করে। ক্ষতিগ্রস্থ গাছের উপরের অংশ গাঢ় সবুজ বর্ণের হয়ে পড়ে এবং কুঁকড়ে যায়। গাছের এই ধরনের রোগকে টুকরা রোগ বলে।



মিলিবাগের ডিম



মিলিবাগ কলোনী



পরিণত মিলিবাগ

# তুঁতগাছের ক্ষতিকারক কীটপতঙ্গ এবং তাদের প্রতিকার

## মিলিবাগ কলোনী নাশের উপায় :

- ✿ ক্ষতিগ্রস্ত অংশ কেটে তা জ্বালিয়ে দিতে হবে।
- ✿ নুতন ডাল গজানোর ২০ দিনের মধ্যে ২% রোগর স্প্রে করতে হবে।
- ✿ পুলাস বোর্ডিলনি নামক শিকারী পোকা (৬০০ জোড়া প্রতি একর জমিতে ছাড়তে হবে)।
- ✿ সাদা পোকা বা **White fly** : সাধারণত আগস্ট থেকে নভেম্বর মাসের মধ্যে এই পোকাকার আক্রমণ ঘটে।

ছোট এবং পরিণত পোকা পাতার সবুজ অংশ চুষে নেয় এবং তার ফলে পাতার রং হলুদ হয়ে পাতা কঁকড়ে যায়। সাদা পোকা বা **White fly** নিম্ফ অবস্থায় এক ধরনের শিশিরের মত মধু দেহ থেকে নিসৃত করে যা এক ধরনের ছত্রাককে আকৃষ্ট করে এবং সুটি মোন্ড রোগের বিস্তার ঘটায়।

এটি সাধারণত সেপ্টেম্বর থেকে নভেম্বর মাসে বেশী দেখা যায়।



# তুঁতগাছের ক্ষতিকারক কীটপতঙ্গ এবং তাদের প্রতিকার

## প্রতিকার :

তুঁত বাগান সবসময় জঙ্গলমুক্ত রাখতে হবে।

১.৫ X ১ মি. সাইজের ৪০ - ৫০ টি হলুদ রঙের পলিথিন কাগজ খাড়াভাবে তুঁত বাগানে পুঁতে দিতে হবে এবং তা যেন অবশ্যই আঠা জাতীয় তেলে পূর্ণ থাকে।

০.২% মনোক্রোটোফস অথবা ০.১% ডাইক্লোরভস বাগানে স্প্রে করতে হবে। ১৫ দিন পর পলুকে পাতা দেওয়া যেতে পারে।

সাদা মাছি কে নিয়ন্ত্রণ করতে হলে কলিফোরা ইউনিকলার বাগানে ছাড়তে হবে (Biological Control)

## থ্রিপস (Thrips) :

আক্রমণের সময় : এই পোকাকার আক্রমণ সাধারণত এপ্রিল-মে এবং আগস্ট-নভেম্বর মাসে হয়ে থাকে।



## ক্ষতিকারক প্রকৃতি :

থ্রিপসের আক্রমণের ফলে পাতার আর্দ্রতার পরিমাণ কমে যায় এবং পাতা হলদে হয়ে যায়। চূড়ান্ত আক্রমণের শেষে পাতার আকার নৌকার মতো হয় এবং ঝরে পড়ে যায়।

## প্রতিকার :

❁ তুঁত বাগান সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

❁ ১.৫মি. X ১মি. সাইজের ৪০ - ৫০টি পলিথিন কাগজ খাড়া ভাবে বাগানে পুঁতে দিতে হবে।

❁ ০.১ - ০.২% ডাইমিথয়েট তুঁত বাগানে স্প্রে করতে হবে।

❁ বায়োলজিকেল কন্ট্রলের জন্য মাইক্রোসপিস ডিসকলার নামক শিকারী পোকা বাগানে ছাড়া যেতে পারে।